

নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০২০

সূচি

ধারাসমূহ

- ১। সংক্ষিপ্ত শিরোনাম
- ২। ২০১৯-২০২০ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ৪৬৫১৬,১১,১০,০০০ (ছেচল্লিশ হাজার পঁচশত ষোল কোটি এগারো লক্ষ দশ হাজার) টাকা প্রদান
- ৩। নির্দিষ্টকরণ

তফসিল

নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০২০

২০২০ সনের ৮ নং আইন

[৩০ জুন, ২০২০]

২০২০ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু ২০২০ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

সংক্ষিপ্ত শিরোনাম

১। এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০২০ নামে অভিহিত হইবে।

২০১৯-২০২০
অর্থবৎসরের জন্য
সংযুক্ত তহবিল হইতে
৪৬৫১৬,১১,১০,০০০
(ছেচল্লিশ হাজার
পাঁচশত ষোল কোটি
এগারো লক্ষ দশ
হাজার) টাকা প্রদান

২। ২০২০ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ৪৬৫১৬,১১,১০,০০০ (ছেচল্লিশ হাজার পাঁচশত ষোল কোটি এগারো লক্ষ দশ হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

নির্দিষ্টকরণ

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০২০ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

তফসিল

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরি নং	কার্য ও উদ্দেশ্যসমূহ হিসাবের প্রধান খাতসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
০২	প্রধানমন্ত্রীর কার্যালয়	০	২১৪,৭৩,৪২	২১৪,৭৩,৪২
০৩	মন্ত্রিপরিষদ বিভাগ	০	৫৯,৮৮,১৭	৫৯,৮৮,১৭
	বাংলাদেশ সুপ্রিম কোর্ট	৩,৩৯,০০	০	৩,৩৯,০০
০৪	নির্বাচন কমিশন সচিবালয়	-২০৬৪০,৫২	৫০৪,৯৯,০০	২৯৮,৫৮,৪৮
০৬	বাংলাদেশ সরকারি কর্ম কমিশন	২০,০০	১৮,১০,০০	১৮,৩০,০০
০৭	অর্থ বিভাগ	৫১৬০০,০০,০০	- ১৫২৪৩৫৫,১০	৩৬৩৫৬,৪৪,৯০
১০	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	২,৮৯,২০	৬২,২১,২১	৬৫,১০,৪১
১১	পরিকল্পনা বিভাগ	০	৩৭৯,৫৪,৯৪	৩৭৯,৫৪,৯৪
১২	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	০	৫৩,৩৪,০০	৫৩,৩৪,০০
১৩	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	০	২৯০,৫৯,৮৭	২৯০,৫৯,৮৭
১৬	প্রতিরক্ষা মন্ত্রণালয়	০	৪৫৪,৮৯,৮৮	৪৫৪,৮৯,৮৮
১৭	সশস্ত্রবাহিনী বিভাগ	০	৯২,৯৮,২৫	৯২,৯৮,২৫
১৯	জননিরাপত্তা বিভাগ	০	২৯৪,১১,৮১	২৯৪,১১,৮১
২৬	সমাজ কল্যাণ মন্ত্রণালয়	০	১২,৭৮,৯০	১২,৭৮,৯০
২৭	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	০	৩৯,৯৮,৩৬	৩৯,৯৮,৩৬
২৮	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	০	৫৩,৯৫,৮২	৫৩,৯৫,৮২
২৯	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	০	৮৪২,৯৮,৮৪	৮৪২,৯৮,৮৪
৩২	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	০	৫২৭,৪২,০৭	৫২৭,৪২,০৭
৩৪	স্থানীয় সরকার বিভাগ	০	২৮০৮,৩০,৯৮	২৮০৮,৩০,৯৮
৩৬	শিল্প মন্ত্রণালয়	০	৪৫০,১৯,০১	৪৫০,১৯,০১

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরি নং	কার্য ও উদ্দেশ্যসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
৩৮	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	০	৫৫৯,৪৮,২৫	৫৫৯,৪৮,২৫
৩৯	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	০	৪৯৪,৫৭,২৮	৪৯৪,৫৭,২৮
৪৪	পানি সম্পদ মন্ত্রণালয়	০	৮৩৭,১৪,৪৭	৮৩৭,১৪,৪৭
৪৬	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	০	১২৩২,৫৩,২২	১২৩২,৫৩,২২
৪৯	নৌ পরিবহন মন্ত্রণালয়	০	৭৩,২৬,৬৭	৭৩,২৬,৬৭
৫২	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	০	১,৫৪,১০	১,৫৪,১০
	মোট মঞ্জুরি ও বরাদ্দের দাবি	৫১৪০০,০৭,৬৮	-৪৮৮৩৯৬,৫৮	৪৬৫১৬,১১,১০